

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কর্মচারী পরিদপ্তর  
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৯.২৫.০০২.২১.৩০১

তারিখ: ৭ কার্তিক ১৪২৯

২৩ অক্টোবর ২০২২

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশন/ অন্যান্য যে কোন সংস্থা/ প্রতিষ্ঠানে চাকুরীর জন্য আবেদনের ক্ষেত্রে বোর্ডে কর্মরত সকল শ্রেণিগুচ্ছের কর্মকর্তা ও কর্মচারীগণ-কে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:

(ক) কর্মকর্তা /কর্মচারীগণ বাংলাদেশ সরকারী কর্মকমিশনের পরীক্ষায় অংশগ্রহণের জন্য এস,আর,ও নং -২৩১-আইন/২০১৪, ১৮-০৯-২০১৪ খ্রি: গেজেটের (সংযুক্তি-১) নির্দেশনা প্রতিপালনপূর্বক এবং অন্যান্য সংস্থা/বোর্ড/প্রতিষ্ঠান ইত্যাদিতে চাকুরীর আবেদনের ক্ষেত্রে উক্তরূপ আবেদন দাখিলের পূর্বে বোর্ডের অনুমতির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরে আবেদন দাখিল করতে হবে।

(খ) কোন প্রার্থী বোর্ডে নিয়োগপ্রাপ্ত হওয়ার পূর্বে এরূপ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন/পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে যোগদান পরবর্তী সময়ে অনুষ্ঠিত প্রিলিমিনারি/লিখিত পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করতে হবে।

(গ) কর্মকর্তা ও কর্মচারীগণ (ক) ও (খ) এর নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনপূর্বক আবেদনকৃত সংস্থার মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের পূর্বে ছাড়পত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। কর্মচারী পরিদপ্তর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ছাড়পত্র প্রদান করবেন।

(ঘ) এরূপ কর্মকর্তা ও কর্মচারীগণের ইস্তফা প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৬৭ (১) ও (২) ধারা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক (প্রমাণকসহ) কাগজপত্রাদি কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



২৩-১০-২০২২

মোঃ আনোয়ারুল কামাল

পরিচালক

ফোন: ০২-২২২২৩০১৩৮

ফ্যাক্স: ০২-২২২২৩০০১১

ইমেইল:

dir.personnel@bwdb.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) প্রধান প্রকৌশলী (সকল), .....
- ২) অতিঃ প্রধান প্রকৌশলী (সকল), .....
- ৩) সচিব, বাপাউবো, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক (সকল), .....
- ৫) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য।
- ৭) নির্বাহী প্রকৌশলী, (সকল), .....
- ৮) ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা, নকশা ও গবেষণা/ পশ্চিম রিজিয়ন/পূর্ব বিজয়ন), বাপাউবো, ঢাকা।